রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ২৩, ২০২৫

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

**পটভূমি:**

দেশের অর্থনৈতিক নীতিমালায় দ্রুত কার্যকরী পরিবর্তনের প্রেক্ষাপটে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ১৯৭৬ সালের ১ অক্টোবর তারিখে "ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ অধ্যাদেশ, ১৯৭৬" (১৯৭৬ সালের ৪০ নং অধ্যাদেশ) বলে প্রতিষ্ঠিত হয়। "ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (সংশোধন) আইন, ২০০০" (২০০০ সালের ২৪ নং আইন) বলে সাবসিডিয়ারি কোম্পানি গঠন ও পরিচালনার মাধ্যমে আইসিবির ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার কৌশল ও নীতিতে সংস্কার সাধিত হয়েছে। বর্ণিত অধ্যাদেশ ও আইন রহিতক্রমে আইসিবি বর্তমানে "ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪" (২০১৪ সালের ১২ নং আইন) অনুযায়ী পরিচালিত হচ্ছে।

দেশের দ্রুত শিল্পায়নে এবং সুসংহত ও সক্রিয় পুঁজিবাজার, বিশেষ করে সিকিউরিটিজ বাজার উন্নয়নে আইসিবির প্রতিষ্ঠা সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের মধ্যে একটি অন্যতম গুরুত্বপূর্ণ পদক্ষেপ। কোম্পানিসমূহের মূলধন স্বল্পতা পূরণে আইসিবি প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান করে থাকে। সঞ্চয় ও বিনিয়োগের হার বৃদ্ধি ও জাতীয় নীতিমালার আলোকে স্বনির্ভর অর্থনীতি গড়ে তোলার প্রয়াসে আইসিবি অবিচ্ছেদ্য এবং নির্ভরযোগ্য ভূমিকা পালন করে আসছে।

**Vision (রূপকল্প):**

কর্পোরেশনকে নেতৃত্বস্থানীয়, দায়িত্বশীল এবং উদ্ভাবনী আর্থিক প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করা, যাতে ক্রমবিকাশমান অর্থনীতিতে অবদান রাখার পাশাপাশি এর সুফল ভোগ করা যায়।


মূল্য : টাকা ৪০.০০

## Mission (লক্ষ্য):

পুঁজিবাজারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের মাধ্যমে কর্পোরেশনকে একটি দায়িত্বশীল, আর্থিক স্থপতি, উদ্ভাবনী এবং কর্মসম্পাদনে অনুকরণীয় প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলা।

- ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪ অনুযায়ী আইনসৃষ্ট একটি দায়িত্বশীল প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশের অর্থনীতির প্রবৃদ্ধিকে ত্বরান্বিতকরণে কাজ করা;
- ফাইন্যান্সিয়াল আর্কিটেক্ট হিসেবে সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে শেয়ারহোল্ডারদের আশানুরূপ প্রবৃদ্ধির জন্য আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার লক্ষ্যে মূল্যবোধ, আচরণ, দৃষ্টিভঙ্গি ও প্রতিশ্রুতির আদর্শ স্থাপন করা;
- উদ্ভাবনমূলক সমাধান প্রণেতা হিসেবে অভ্যন্তরীণ সঞ্চয়সমূহকে সম্ভাবনাময় বিনিয়োগের ক্ষেত্রে পরিচালনায় সামগ্রিক পদক্ষেপ গ্রহণ করা;
- পারফরমেন্স লিডার হিসেবে আমরা আমাদের গ্রাহকদের সর্বোচ্চ স্বার্থে নেতৃত্ব ও কার্য পরিচালনা করতে প্রতিশ্রুতিবদ্ধ, যাতে তারা আমাদের উপর আস্থাশীল এবং নির্ভরশীল হতে পারে।

### উদ্দেশ্য:

- বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ ও উৎসাহ প্রদান;
- পুঁজিবাজার উন্নয়ন;
- সঞ্চয় সংগ্রহ; এবং
- প্রাসঙ্গিক সকল প্রকার সহায়তা প্রদান।

### ব্যবসায় সংক্রান্ত নীতি:

- শিল্প, বাণিজ্য, আমানতকারী, বিনিয়োগকারী এবং সাধারণ জনগণের স্বার্থের প্রতি দৃষ্টি রেখে বাণিজ্যিক ভিত্তিতে কার্যক্রম পরিচালনা;
- কারিগরি, আর্থিক ও বাণিজ্যিকভাবে সম্ভাবনাময় প্রকল্পে আর্থিক সহায়তা প্রদান;
- এককভাবে অথবা ব্যাংকসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের সমন্বয়ে কনসোর্টিয়ামের মাধ্যমে প্রকল্পে ইক্যুইটি ও দীর্ঘমেয়াদি অর্থায়নে ব্যবস্থা গ্রহণ;
- দেশে উদ্যোক্তা সৃষ্টি এবং তাঁদের উৎসাহ প্রদান;
- বিনিয়োগ বৈচিত্র্যকরণ;
- সিকিউরিটিজে বিনিয়োগের জন্য ক্ষুদ্র ও মাঝারি সঞ্চয়কারীদের উদ্বুদ্ধকরণ;
- কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা; এবং
- কৃষিভিত্তিক এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) খাতে বিনিয়োগে উদ্বুদ্ধকরণ ও সম্প্রসারণ।

## পরিচালনা বোর্ড :

**চেয়ারম্যান**
**আবু আহমেদ**
প্রাক্তন অধ্যাপক ও চেয়ারম্যান
অর্থনীতি বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

**ব্যবস্থাপনা পরিচালক**
**মোঃ আবুল হোসেন**

**পরিচালকবৃন্দ**

**মোঃ আজিমুদ্দিন বিশ্বাস** এনডিসি
অতিরিক্ত সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মোঃ ফোরকান হোসেন**
নির্বাহী পরিচালক
বাংলাদেশ ব্যাংক

**মোঃ জসীম উদ্দিন**
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি

**মোঃ শওকত আলী খান**
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও
সোনালী ব্যাংক পিএলসি

**মোঃ আনোয়ারুল ইসলাম**
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও
অগ্রণী ব্যাংক পিএলসি

**মোঃ মজিবর রহমান**
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও
জনতা ব্যাংক পিএলসি

**মোঃ হারুন-অর-রশিদ**
ব্যবস্থাপনা পরিচালক
সাধারণ বীমা কর্পোরেশন

**বোর্ড সচিব**
**রুখসানা ইয়াসমিন**
উপ-মহাব্যবস্থাপক

## কার্যাবলি:

- নিজস্ব পোর্টফোলিও ব্যবস্থাপনা এবং সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ে সক্রিয় অংশগ্রহণ;
- মিউচ্যুয়াল ফান্ড ও ইউনিট ফান্ড-এর প্লেসমেন্ট-এ অংশগ্রহণ;
- আইসিবি ইউনিট ফান্ড ব্যবস্থাপনা;
- ট্রাস্টি ও কাস্টোডিয়ান হিসেবে দায়িত্ব পালন;
- আইসিবি ও এর সাবসিডিয়ারি কোম্পানি পরিচালিত মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান;
- অন্ট্র্যাপ্র্যানারশীপ সাপোর্ট ফান্ড (ইএসএফ), ইক্যুইটি এন্ড অন্ট্র্যাপ্র্যানারশীপ ফান্ড (ইইএফ) এবং সময়ে সময়ে সরকার কর্তৃক ঘোষিত বিশেষ তহবিল ব্যবস্থাপনা;

- প্লেসমেন্ট ও ইক্যুইটি পার্টিসিপেশনসহ সরাসরি শেয়ার ও ডিবেঞ্চার/বন্ড ক্রয় ও বিক্রয়;
- বিনিয়োগ হিসাব ব্যবস্থাপনা;
- বিনিয়োগকারীদের বিনিয়োগ সম্পর্কিত পরামর্শ প্রদান;
- রাষ্ট্র মালিকানাধীন প্রতিষ্ঠানের শেয়ার অফলোড প্রক্রিয়ায় অংশগ্রহণ;
- সরকারের পুঁজি প্রত্যাহার কার্যক্রমে অংশগ্রহণ;
- ব্যাংক গ্যারান্টি প্রদান;
- যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত কোম্পানির অর্থায়নে অংশগ্রহণ;
- বাজার চাহিদা উপযোগী নতুন ব্যবসা উদ্ভাবন;
- ভেঞ্চার ক্যাপিটাল অর্থায়ন;
- মার্জার, একুুইজিশন এবং অ্যাসেট পুনর্গঠন কার্যক্রমে সহায়তা প্রদান;
- এককভাবে এবং সিন্ডিকেট গঠনের মাধ্যমে লিজ অর্থায়ন;
- হোল্ডিং প্রতিষ্ঠান হিসেবে সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কার্যক্রম তত্ত্বাবধান; এবং
- পুঁজিবাজার সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম।

## সাবসিডিয়ারি কোম্পানির পণ্য ও সেবাসমূহ:

### আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড

- বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড ম্যানেজমেন্ট
- মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড ম্যানেজমেন্ট;
- সবচেয়ে নিরাপদ বিনিয়োগ সুবিধা এবং সুরক্ষিত লভ্যাংশ;
- অটো-ডেবিট প্রক্রিয়ার মাধ্যমে সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প্ল্যান (SIP) সুবিধা;
- একটি নির্দিষ্ট সীমা পর্যন্ত কর অব্যাহতি;
- কিউমুলেটিভ ইনভেস্টমেন্ট প্ল্যান (সিআইপি) সুবিধা;
- এসএমএস নোটিফিকেশন (যেমন: সার্টিফিকেট বিতরণ, ডিভিডেন্ড ইনফরমেশন, অটো-ডেবিট ফান্ড কালেকশন ইত্যাদি);
- ই-স্টেটমেন্ট সুবিধা (যেমন: গ্রাহকের লেজার স্টেটমেন্ট, পোর্টফোলিও স্টেটমেন্ট এবং আয়কর সার্টিফিকেট, ইনভেস্টমেন্ট সার্টিফিকেট ইত্যাদি);
- বিভিন্ন ফান্ডে বিনিয়োগের সুযোগ;
- বিভিন্ন বিক্রয় এজেন্টের মাধ্যমে পরিষেবার সুবিধা প্রদান;
- শরীয়াহ এবং পেনশনভিত্তিক লাভজনক বিনিয়োগ।

**আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড**

- ইস্যু ম্যানেজমেন্ট;
- আন্ডাররাইটিং;
- ট্রাস্টি এন্ড কাস্টডিয়ান;
- পোর্টফোলিও ম্যানেজমেন্ট;
- ইনভেস্টরস্ অ্যাকাউন্ট ম্যানেজমেন্ট (ইনভেস্টরস্ স্কিম);
- লিয়েন ব্যাংকিং এবং ইইএফ/ইএসএফ কনসালটেন্সি সেবা প্রদান।

**আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড**

**ব্রোকারেজ সার্ভিস:**

- ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক গ্রাহকের জন্য ডিএসই ও সিএসইতে লেনদেন সুবিধা;
- ডিএসই ও সিএসইতে অনিবাসী বাংলাদেশিদের জন্য লেনদেন সুবিধা;
- মার্জিন হিসাবের মাধ্যমে ঋণ সুবিধা প্রদান;
- ডিএসই ও সিএসইতে সরাসরি তালিকাভুক্ত কোম্পানির বিক্রয় প্রতিনিধি হিসেবে কাজ করা;
- ডিএসই ও সিএসইতে 'ওটিসি' এবং 'এসএমই' প্লাটফর্মে-এ লেনদেন সুবিধা;
- সরকারি শেয়ার অফলোড।

**ডিপোজিটরি পার্টিসিপেন্ট:**

- বিও হিসাব খোলা এবং পরিচালনা;
- ক্লায়েন্ট কাস্টোডিয়ান সার্ভিস ;
- বিও হিসাবের স্থিতি অনুসন্ধান;
- শেয়ার অজড়করণ এবং পুনঃজড়করণ;
- প্লেজিং, আন-প্লে-জিং এবং কনফিসকেশন
- কর্পোরেট ইভেন্টসমূহের ঘোষণার অনুসন্ধান;
- ফ্রিজ এন্ড সাসপেন্স;
- অনলাইন বিও হিসাব খোলা;
- ডিপোজিটরি পার্টিসিপেন্ট হিসেবে অন্যান্য সেবা।

**পুরস্কার ও স্বীকৃতি:**

আইসিবি দেশের একটি লাভজনক রাষ্ট্রীয় মালিকানাধীন বিনিয়োগ প্রতিষ্ঠান এবং পুঁজিবাজারের জন্য একটি অপরিহার্য নন-ব্যাংকিং ফাইন্যান্সিয়াল প্রতিষ্ঠান হিসেবে পরিণত হয়েছে। বার্ষিক প্রতিবেদনে সার্বিক কার্যক্রমের তথ্যাদি যথাযথভাবে উপস্থাপনের মাধ্যমে আইসিবি বিভিন্ন সময়ে দেশীয় ও আন্তর্জাতিক পুরস্কারে ভূষিত হয়েছে, যার মধ্যে উল্লেখযোগ্য হলো এসএএফএ, আইসিএমএবি ও আইসিএবি হতে প্রাপ্ত পুরস্কার।

**Award List:**

| Name of Organization | Name of Award | For the Year |
|---|---|---|
| **Financial Institutions Division** | Annual Performance Agreement (APA) evaluation of Non-Bank Financial Institutions | 2023, 2022 |
| | | |
| **The National Board of Revenue** | Memento of Tax Card | 2023, 2022, 2021,2019, 2018 |
| | | |
| **The Institute of Chartered Accountants of Bangladesh (ICAB)** | ICAB National Award for Best Presented Annual Reports in the Public Sector Entities | 2023, 2022, 2021, 2020, 2019, 2018, 2017, 2016, 2013, 2012, 2010, 2008, 2007, 2006 |
| | | |
| **The Institute of Cost and Management Accountants of Bangladesh (ICMAB)** | ICMAB Best Corporate Award in the field of Non Bank Financial Institutions | 2015, 2014, 2013, 2012, 2008 |
| | | |
| **South Asian Federation of Accountants (SAFA)** | Best Presented Annual Report Award, Integrated Reporting Awards & SAARC Anniversary Award for Corporate Governance Disclosures Competition | 2023, 2022, 2021, 2020, 2019,2018, 2017, 2016, 2013, 2012,2010, 2008 |
| | | |
| **UK Based World Finance Magazine** | Best Private Bank for the Contribution in Private Sector Development | 2013 |

**মূলধন কাঠামো :**

(কোটি টাকায়)

| বিবরণ | আইসিবি | | | আইসিবি এবং এর সাবসিডিয়ারিসমূহ (সমন্বিত) | | |
|---|---|---|---|---|---|---|
| | ৩০ জুন তারিখে | | বৃদ্ধি/হ্রাস (%) | ৩০ জুন তারিখে | | বৃদ্ধি/হ্রাস (%) |
| | ২০২৪ | ২০২৩ | | ২০২৪ | ২০২৩ | |
| পরিশোধিত মূলধন | ৮৬৭.২৬ | ৮৪৬.১১ | ২১% | ৮৬৭.২৬ | ৮৪৬.১১ | ২১% |
| রিজার্ভ | ২০৩১.৭৭ | ২০১৯.৮৯ | ১২% | ২৬৬৬.৬৮ | ২৬৩৯.৩৫ | ২৭% |
| অবণ্টিত আয় | ২২.১৪ | ৫৬.৪৭ | (৩৪%) | ২৩৫.৯০ | ২৯২.৩৫ | (৫৬%) |
| শেয়ার প্রিমিয়াম | ৭৩৫.৬১ | ৭৩৫.৬১ | - | ৭৩৫.৬১ | ৭৩৫.৬১ | - |
| **সর্বমোট** | **৫৬৮০.৮** | **৫৬৮১.১** | | **৬৫২৯.৫** | **৬৫৩৬.৪** | |

**মূলধনঃ**

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর অনুমোদিত মূলধনের পরিমাণ ১,০০০.০০ কোটি টাকা। ৩০ জুন ২০২৪ তারিখে সমাপ্ত হিসাব অনুযায়ী আইসিবিতে পরিশোধিত মূলধনের পরিমাণ ৮৬৭.২৬ কোটি টাকা, যা প্রতিটি ১০.০০ টাকা মূল্যমানের ৮৬৭,২৫৮,৯৬১ সাধারণ শেয়ারে বিভক্ত। কর্পোরেশনের শেয়ার হোল্ডিং এর অবস্থান দেয়া হলো:

**৩০ জুন ২০২৪ তারিখ ভিত্তিক শেয়ারহোল্ডিং পজিশন:**

| ক্রম নং. | শেয়ারহোল্ডার | শেয়ারহোল্ডার সংখ্যা | শেয়ারের সংখ্যা | শতকরা (%) |
|---|---|---|---|---|
| ১. | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | ১ | ২৩৪,১৫৯,৯২১ | ২৭.০০ |
| ২. | রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক | ৪ | ১৯৭,১০১,৮২৮ | ২৩.০০ |
| ৩. | বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড | ১ | ২১৯,৪৮৮,৭৯৯ | ২৫.০০ |
| ৪. | রাষ্ট্রায়ত্ত ইনস্যুরেন্স কোম্পানি | ২ | ১০৭,১৫৫,১৫০ | ১২.০০ |
| ৫. | প্রাইভেট বাণিজ্যিক ব্যাংক | ২ | ৭৮,৯২১,০৩৬ | ৯.০০ |
| ৬. | অন্যান্য প্রতিষ্ঠানসমূহ | ২১০ | ১০,৩১৬,৫৩৭ | ১.০০ |
| ৭. | প্রাইভেট ব্যাংক | ৭ | ৮১৮,৬৮১ | ০.০৯ |
| ৮. | মিউচ্যুয়াল ফান্ড | ৯ | ৫,২৪২,০১৪ | ১.০০ |
| ৯. | সাধারণ বিনিয়োগকারী | ৬,৭৫৪ | ১৪,০৫৪,৯৯৫ | ২.০০ |
| | **সর্বমোট** | **৬,৯৯০** | **৮৬৭,২৫৮,৯৬১** | **১০০.০০** |

**পরিচালন কার্যক্রম**

**পোর্টফোলিও ব্যবস্থাপনা :**

আইসিবির মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রমের মধ্যে পোর্টফোলিও ব্যবস্থাপনা অন্যতম। সেকেন্ডারি মার্কেটের বৈশিষ্ট্য অনুযায়ী দীর্ঘমেয়াদি বিনিয়োগ বিবেচনায় আইসিবি অত্যন্ত সফলতার সাথে পোর্টফোলিওসমূহের ব্যবস্থাপনা করে আসছে। এছাড়া, শীর্ষ প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী প্রতিষ্ঠান হিসেবে সক্রিয় পোর্টফোলিও ব্যবস্থাপনার মাধ্যমে আইসিবি দেশের পুঁজিবাজার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। কর্পোরেশনের পোর্টফোলিও ম্যানেজমেন্ট কমিটি কর্তৃক সুপারিশকৃত বিনিয়োগ কৌশল অনুযায়ী স্বতন্ত্র ডিপার্টমেন্টের মাধ্যমে পোর্টফোলিও ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালিত হয়। একই সাথে পোর্টফোলিও ব্যবস্থাপনায় প্রতিষ্ঠানটির পেশাদারিত্ব অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছে।

২০২৩-২৪ অর্থবছরে সেকেন্ডারি মার্কেটে আইসিবির মোট লেনদেনের পরিমাণ ১৩,০৭৯.৩৯ কোটি টাকা যা বিগত অর্থবছরের ১৮,১০৫.৩৬ কোটি টাকার তুলনায় ২৭.৭৬ শতাংশ কম। একই সময়ে আইসিবির নিজস্ব পত্রকোষে ৩৫১.৯৬ কোটি টাকা মূলধনি মুনাফা অর্জিত হয় যা বিগত অর্থবছরে অর্জিত ৩৭২.৪০ কোটি টাকার তুলনায় ৫.৪৯ শতাংশ কম।

৩০ জুন ২০২৪ তারিখে আইসিবির বিনিয়োগ পোর্টফোলিওর মার্কেটেবল সিকিউরিটিজের ক্রয়মূল্য ১৩,০১৮.২৬ কোটি টাকার বিপরীতে বাজারমূল্য ছিল ৮,৮৭৭.৪৬ কোটি টাকা অর্থাৎ ক্রয়মূল্যের তুলনায় বাজারমূল্য ৪,১৪০.৮০ কোটি টাকা কম ছিল।

**অন্যান্য বিনিয়োগ :**

শিল্পায়নের গতিকে ত্বরান্বিত করার মাধ্যমে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা এবং দেশের সিকিউরিটিজ বাজারের সক্রিয়তা বজায় রাখার লক্ষ্যে আইসিবি বিভিন্ন কোম্পানিতে আর্থিক ও অন্যান্য

সহায়তা প্রদান অব্যাহত রেখেছে। এ লক্ষ্যে আইসিবি বহুমুখী কার্যক্রম গ্রহণ করেছে। পুঁজিবাজারকে সমৃদ্ধ করা এবং সম্ভাবনাময় শিল্পসমূহে বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে আইসিবি এর সূচনালগ্ন হতে ১৯৯৭ সাল পর্যন্ত সেতু ঋণ প্রদান করেছে। আইসিবিতে অবলেখন কার্যক্রম ২০০২ সালে সাবসিডিয়ারি কোম্পানি গঠনের পূর্ব পর্যন্ত পরিচালিত হয়েছে। বর্তমানে সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ এ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করছে। পুঁজিবাজারের উন্নয়ন এবং শিল্পায়নের ক্ষেত্রে আইসিবির বর্তমান আর্থিক এবং অন্যান্য সহায়তা কার্যক্রমের মধ্যে রয়েছে প্রি-আইপিও প্লেসমেন্ট, প্রেফারেন্স শেয়ার ক্রয়, ডিবেঞ্চার ক্রয়, বন্ডে বিনিয়োগ, ইক্যুইটিতে সরাসরি অংশগ্রহণ, ইক্যুইটির বিপরীতে অগ্রিম, লিজ ফিন্যান্সিং এবং ব্যাংক গ্যারান্টি ইত্যাদি।

**ইউনিট ফান্ড ও মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম স্কিম :**

আইসিবি ইউনিট ফান্ড/মিউচ্যুয়াল ফান্ডসমূহ, আইসিবি এএমসিএল ইউনিট ফান্ডসমূহ এবং বাংলাদেশ ফান্ড সার্টিফিকেটের বিপরীতে এ স্কিমের অধীনে অগ্রিম প্রদান করা হয়। ২০২৩-২৪ অর্থবছরে এ স্কিমের অধীনে ৩৩.৫৬ কোটি টাকা অগ্রিম প্রদান করা হয়েছে যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ৩২.৫৩ কোটি টাকা। ৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের পরিমাণ ২৯৫.৮৫ কোটি টাকা এবং উক্ত তারিখে প্রদত্ত অগ্রিমের নিট স্থিতি দাঁড়িয়েছে ৬৯.৭৫ কোটি টাকা। ৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত প্রদত্ত অগ্রিমের ২৬৭.৮২ কোটি টাকা আদায় হয়েছে।

**অঙ্গীকার :**

২০২৩-২৪ অর্থবছরে আইসিবি ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) পিএলসি এর অনুকূলে আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড (আইএসটিসিএল) এর পক্ষে মোট ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) কোটি টাকার ২টি ব্যাংক গ্যারান্টি প্রদান করে। ২০২২-২৩ অর্থবছরে আইসিবি ডিএসই এর অনুকূলে আইএসটিসিএল এর পক্ষে ১২৫.০০ (একশত পঁচিশ) কোটি টাকার ১টি ব্যাংক গ্যারান্টি প্রদান করে। ২০২১-২২ অর্থবছরে আইসিবি ১টি মিউচুয়্যাল ফান্ডে প্রি-আইপিও প্লেসমেন্ট এবং আইপিওতে সর্বমোট ১০ কোটি টাকার আর্থিক সহায়তা প্রদানের অঙ্গীকার করে।

**প্রজেক্ট লোন পোর্টফোলিও:**

৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত প্রকল্প ঋণ পোর্টফোলিওতে ১২৫ টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে যেখানে চলমান প্রকল্পের সংখ্যা ২৮টি এবং অবলোপণকৃত প্রকল্পের সংখ্যা ৯৭টি। চলমান প্রকল্পসমূহে ঋণের স্থিতির পরিমাণ ১,১৬০.৬০ কোটি টাকা, যার মধ্যে আসল ১,১৩৩.৬১ কোটি টাকা এবং সুদ ২৬.৯৯ কোটি টাকা। উক্ত প্রকল্পসমূহের মধ্যে শ্রেণিকৃত ঋণ/অগ্রিমের পরিমাণ ১০৭.৯৫ কোটি টাকা, যার মধ্যে আসল ৯৮.১৮ কোটি টাকা, সুদ ৯.৭৭ কোটি টাকা এবং শ্রেণিকৃত ঋণের হার ৯.৩০ শতাংশ। মোট অবলোপণকৃত ঋণের পরিমাণ ৩৮৯.৪২ কোটি টাকা।

**মার্চেন্ডাইজিং কার্যক্রম :**

আইসিবির মৌলিক কার্যক্রমের মধ্যে মার্চেন্ডাইজিং কার্যক্রম অন্যতম। মার্চেন্ডাইজিং কার্যক্রম তথা মিউচ্যুয়াল ফান্ড, ইউনিট ফান্ড এবং বিও/বিনিয়োগ হিসাব ব্যবস্থাপনার মাধ্যমে আইসিবি আলোচ্য অর্থবছরেও পুঁজিবাজারে গুররুত্বপূর্ণ অবদান রেখেছে।

ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (সিএমডিপি) এর আওতায় গঠিত আইসিবির দু'টি সাবসিডিয়ারি কোম্পানি; আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ এবং আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ যথাক্রমে মার্চেন্ট ব্যাংকিং এবং মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনার জন্য ১ জুলাই ২০০২ তারিখ হতে স্ব স্ব ব্যবসা শুরু করে। সিএমডিপি সংস্কার কর্মসূচির আওতায় আইসিবি মার্চেন্ট ব্যাংকিং ও মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনার নতুন কার্যক্রম বন্ধ রেখেছে। তবে সাবসিডিয়ারি কোম্পানিসমূহ কার্যক্রম শুরু করার পূর্বের ইনভেস্টরস্ স্কিম, ইউনিট ফান্ড পরিচালন কার্যক্রম আইসিবির ব্যবস্থাধীনে অব্যাহত রয়েছে।

**আইসিবি ইউনিট ফান্ড ব্যবস্থাপনা:**

আইসিবি ইউনিট ফান্ড (একটি বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড) ১০ এপ্রিল ১৯৮১ তারিখে বাজারজাত শুরু করে। ১ জুলাই ২০০২ থেকে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ এর ব্যবসায়িক কার্যক্রম শুরুর প্রেক্ষিতে আইসিবি ক্রমপুঞ্জিত বিনিয়োগ পরিকল্পনার (সিআইপি) আওতায় সার্টিফিকেট ইস্যু ব্যতীত ইউনিট সার্টিফিকেট বিক্রয় বন্ধ রেখেছে। তবে বিদ্যমান ইউনিট ফান্ড আইসিবির ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে। আইসিবি ইউনিট সার্টিফিকেট এর বিপরীতে লভ্যাংশ প্রদানের ক্ষেত্রে ২০২৪-২৫ অর্থবছর হতে সিআইপি অপশন পুনরায় চালু করা হয়েছে।

২০২৩-২৪ অর্থবছরে লভ্যাংশ আয়, ডিবেঞ্চার সিকিউরিটিজের উপর সুদ, মূলধনি মুনাফা, ব্যাংক আমানতের উপর সুদ ও অন্যান্য খাত হতে ইউনিট ফান্ড মোট ৫৬০.৬৩ কোটি টাকা আয় করেছে। এ আয় হতে ব্যবস্থাপনা ফি, কাস্টডিয়ান ফি, কমিশন, অডিট ফি, ডাক, ব্যাংক চার্জ ও অন্যান্য খরচ ইত্যাদি খাতে ব্যয়িত মোট ৫৫.০৬ কোটি টাকা বাদ দেয়ার পর ফান্ডের নিট আয়ের পরিমাণ দাঁড়ায় ৫০৫.৫৭ কোটি টাকা। ৩০ জুন ২০২৪ তারিখে ইউনিট প্রতি মুনাফার পরিমাণ দাঁড়ায় ৩৭.৩৭ টাকা। ২০২৩-২৪ অর্থবছরে এ ফান্ড ইউনিট প্রতি ৩৫.০০ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করেছে। ২০২২-২৩ অর্থবছরেও উক্ত ফান্ডের ইউনিট প্রতি ঘোষিত লভ্যাংশ ছিল ৩৪.৯০ টাকা।

**ইনভেস্টরস্ স্কিম :**

আইসিবি প্রতিষ্ঠার পর পরই ১৯৭৭ সাল থেকে ইনভেস্টরস স্কিমের অধীনে বিনিয়োগ হিসাব চালু হয়। পরবর্তীতে উক্ত কার্যক্রম আইসিবির সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড-এ স্থানান্তরিত হওয়ায় ২০০২ সাল থেকে কর্পোরেশনে নতুন বিনিয়োগ হিসাব খোলা বন্ধ রয়েছে। তবে উক্ত সময়ের পূর্ব পর্যন্ত খোলা হিসাবসমূহ প্রধান কার্যালয় ও শাখা কার্যালয়সমূহে অদ্যাবধি পরিচালিত হচ্ছে। ৩০ জুন, ২০২৪ তারিখে এ স্কিমের অধীন হিসাবের সংখ্যা ২৮,৪৩৫ টি।

**গ্রাহক সেবার মানোন্নয়নে গৃহীত পদক্ষেপ :**

ক) বিকাশ অ্যাপ এর মাধ্যমে বিনিয়োগ হিসাবে অর্থ জমা প্রদান;

খ) অনলাইন সেবার মাধ্যমে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের সুযোগ সৃষ্টি। ই-মেইল ও ওয়েবসাইটের মাধ্যমে পোর্টফোলিও, আর্থিক বিবরণী এবং শেয়ার ক্রয়-বিক্রয় সংক্রান্ত তথ্য সরবরাহ করা; এবং

গ) বিনিয়োগকারীগণকে ই-মেইল এর মাধ্যমে Income Tax Certificate প্রদান।

**বিনিয়োগকারীগণের সুদ মওকুফ সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি :**

০৯ আগস্ট ২০২৩ তারিখের আইসিবি পরিচালনা বোর্ডের ৬২৯তম সভায় শূন্য সম্পদবিশিষ্ট এবং ৭০ শতাংশ ও তদূর্ধ্ব সম্পদ ঘাটতিযুক্ত বিনিয়োগ হিসাবসমূহ মওকুফ সুবিধা প্রদানের মাধ্যমে বন্ধকরণের বিষয়টি অনুমোদিত হয়। পরিচালনা বোর্ডের সিদ্ধান্তের আলোকে ২০২৩-২৪ অর্থবছরে শূন্য সম্পদ বিশিষ্ট ১,০৯২টি বিনিয়োগ হিসাবে ২০.৪২ কোটি টাকা সুদ মওকুফ প্রদানের মাধ্যমে হিসাসমূহ বন্ধ করা হয়েছে। এছাড়াও বিনিয়োগকারীগণের আবেদনের প্রেক্ষিতে ৭০ শতাংশ বা তদূর্ধ্ব সম্পদ ঘাটতিযুক্ত ৩২টি বিনিয়োগ হিসাবে ১.৮৯ কোটি টাকা সুদ মওকুফ প্রদানের মাধ্যমে হিসাবসমূহ বন্ধ করা হয়েছে। ইনভেস্টরস স্কিমের অধীনে আইসিবি প্রধান কার্যালয়ের ২০২৩-২৪ অর্থবছরের সিকিউরিটিজ লেনদেন গত অর্থবছরের তুলনায় কম হয়েছে। ইনভেস্টরস স্কিমের অধীনে ২০২৩-২৪ অর্থবছরে আইসিবি প্রধান কার্যালয়ে মোট ৬৩.১১ কোটি টাকার সিকিউরিটিজ লেনদেন হয়েছে। উক্ত লেনদেনের মধ্যে সেকেন্ডারি মার্কেটে লেনদেনের পরিমাণ ৬৩.০১ কোটি টাকা এবং প্রাইমারি মার্কেটে লেনদেনের পরিমাণ ০.১০ কোটি টাকা। উল্লেখ্য যে, ২০২২-২৩ অর্থবছরে আইসিবি প্রধান কার্যালয়ে মোট ৭৫.৫৮ কোটি টাকার সিকিউরিটিজ লেনদেন হয়েছিল যার মধ্যে সেকেন্ডারি মার্কেটে লেনদেনের পরিমাণ ৭৫.৩২ কোটি টাকা এবং প্রাইমারি মার্কেটে লেনদেনের পরিমাণ ০.২৬ কোটি টাকা।

**এসপিভি ইউনিট :**

আইসিবি "বেক্সিমকো গ্রীন-সুকুক আল ইসতিসনা" এর ট্রাস্টি হিসেবে বেক্সিমকো গ্রীন-সুকুক ট্রাস্ট এর পরিচালনার দায়িত্বে রয়েছে এবং এ উদ্দেশ্যে কর্পোরেশনের পরিচালনা বোর্ডের অনুমোদন নিয়ে পৃথক একটি এসপিভি ইউনিট তৈরি করেছে। আইসিবির ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে ইউনিটের সার্বিক কার্যক্রম তদারকির উদ্দেশ্যে কর্পোরেশনের চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, উপ-মহাব্যবস্থাপক (এসপিভি ইউনিট) এবং ফাইন্যান্স, অ্যাকাউন্টিং, ইঞ্জিনিয়ারিং, লিগ্যাল ও শরীয়াহ ক্ষেত্রে প্রখ্যাত শিক্ষাবিদ ও পেশাজীবীদের সমন্বয়ে একটি পূর্ণাঙ্গ গভর্নিং বোর্ড গঠন করা হয়েছে।

**এসপিভি ইউনিটের কার্যাবলি:**

- বেক্সিমকো গ্রীন-সুকুক আল ইসতিসনা'র ইস্যুয়ার হিসাবে কাজ করা;
- অরিজিনেটরের সাথে প্রয়োজনীয় চুক্তি ও দলিল পত্র সম্পাদন করে গ্রীন-সুকুক সম্পদের সুবিধা ও বৈধ মালিকানা রাখা;
- সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (যেমন সরকার, বিএসইসি, বাংলাদেশ ব্যাংক ইত্যাদি) দ্বারা প্রণীত শরীয়াহ গাইডলাইন এবং সংশ্লিষ্ট আইন/ নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী ইস্যুটি পরিচালনা করা;
- প্রকাশিত ইনফরমেশন মেমোরেন্ডাম এর সাথে সামঞ্জস্য রেখে সুকুক অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করা;
- সুকুকধারকগণের সুবিধার্থে সময়ে সময়ে ষাণ্মাসিক ভিত্তিতে মুনাফা/রিটার্ন পরিশোধ, মেয়াদ পূর্তিতে অভিহিত মূল্য ফেরত প্রদান ও বেক্সিমকো লিমিটেড এর শেয়ারে রূপান্তর ইত্যাদি;
- আর্থিক বিবরণী প্রস্তুত করা এবং উপযুক্ত কর্তৃপক্ষের কাছে জমা দেওয়া; এবং সরকার, বিএসইসি, বাংলাদেশ ব্যাংক, সিডিবিএল, ডিএসই, সিএসই এবং অন্যান্যদের কাছে সাময়িক (মাসিক, ত্রৈমাসিক, অর্ধ-বার্ষিক ইত্যাদি) এবং চাহিদা অনুযায়ী প্রতিবেদন জমা দেওয়া।

## বিশেষ তহবিল ব্যবস্থাপনা ইউনিট

২০১০ সালে পুঁজিবাজারে সৃষ্ট ধস-পরবর্তী সময়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় পুঁজিবাজারে দীর্ঘস্থায়ী স্থিতিশীলতা আনয়ন, পুঁজিবাজারের উন্নয়ন ও ক্ষুদ্র বিনিয়োগকারীদের স্বার্থে ২০১৩ সালের জুলাই মাসে "পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিল" নামে ৯০০ কোটি টাকার একটি তহবিল গঠনপূর্বক তহবিলটির ব্যবস্থাপনার দায়িত্ব আইসিবির উপর অর্পণ করা হয়। এই তহবিল গঠনের প্রেক্ষিতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে তিন কিস্তিতে মোট ৯০০.০০ (নয়শত) কোটি টাকা ছাড় করে। ০৪ অক্টোবর ২০১৮ তারিখ পর্যন্ত মোট ৩৫টি প্রতিষ্ঠানের অনুকূলে ৩৬,৪৮১ জন ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীগণের সহায়তার লক্ষ্যে ঋণ হিসেবে ৯০০.০০ কোটি টাকা বিতরণ করা হয় এবং ঋণের বিপরীতে সুদ-আসল বাবদ ৯৬৮.৭১ কোটি টাকা আদায় করা হয়। যার ফলে উক্ত তহবিলের বিপরীতে ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রম সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার ১০০ শতাংশ বাস্তবায়ন অর্জিত হয়।

পরবর্তীতে, পুঁজিবাজারে লেনদেনের নিম্নগতির ধারা প্রতিরোধের লক্ষ্যে মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে ০২ মে ২০১৯ তারিখে উক্ত তহবিলের সুদ-আসল হিসাবে আদায়কৃত অর্থ দ্বারা ১,০০৯.০০ কোটি টাকার "আবর্তনশীল ভিত্তিতে পুনঃবিনিয়োগযোগ্য পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিল" নামে অপর একটি তহবিল গঠন করা হয়। তহবিল হতে ঋণ বিতরণের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৭ এবং সর্বশেষ বিতরণকৃত ঋণ পরিশোধের মেয়াদ ৩১ মার্চ ২০২৮ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়।

তহবিলটি আবর্তনশীল ভিত্তিতে পুনঃবিনিয়োগযোগ্য হিসেবে ব্যবহৃত হচ্ছে। এ তহবিল হতে ৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত ৬২টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ২,৪৩৬.১২ কোটি টাকা বিতরণ করা হয়। এ পর্যন্ত বিতরণকৃত টাকার বিপরীতে সুদ-আসল বাবদ মোট ১,৪৯৩.৬৩ কোটি টাকা আদায় করা হয়েছে।

## অ্যান্ট্র্যাপ্র্যানারশীপ সাপোর্ট ফান্ড (ইএসএফ)

খাদ্য প্রক্রিয়াজাতকরণ, কৃষিভিত্তিক শিল্প ও আইসিটি খাতে বিনিয়োগের মাধ্যমে এসব খাতের উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টি তথা দেশের আর্থ সামাজিক উন্নয়নে অধিকতর সুফল প্রাপ্তির লক্ষ্যে সরকারের জনহিতকর ইইএফ প্রকল্পটি বিকল্প ব্যবস্থাপনায় পরিচালনের উদ্যোগ গৃহীত হয়। বাস্তবতার নিরীখে সরকারের এই মহতী উদ্যোগ পরিচালনের ক্ষেত্রে ইক্যুইটি মডেলের পরিবর্তে সহনীয় মাত্রার সরল সুদহার সংবলিত ঋণ মডেল প্রবর্তিত হয় যা Entrepreneurship Support Fund (ESF) নামে পরিচিত। এ প্রেক্ষিতে Entrepreneurship Support Fund (ESF) সংক্রান্ত ''খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক এবং আইসিটি প্রকল্প সংশ্লিষ্ট নীতিমালা, ২০১৮'' অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ২৪ জুন ২০১৮'' তারিখে অনুমোদিত হয়েছে।

**ইএসএফ হতে মঞ্জুরি:**

২০২৩-২৪ অর্থবছরে ইএসএফ খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক এবং আইসিটি খাতে মোট ১৮৬ টি Expression of Interest (EOI) আবেদন গ্রহণ করে। উক্ত আবেদন হতে ESF কৃষি ও আইসিটি বিষয়ক প্রকল্প মূল্যায়ন কমিটি (PAC) ১০১ টি আবেদন শর্টলিস্টভুক্ত করে। ২০২৩-২৪ অর্থবছরে ২৬ টি প্রকল্পের অনুকূলে মোট ৫২.৪৯ কোটি টাকার ESF সহায়তা মঞ্জুরি প্রদান করা হয়েছে। ৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত ইএসএফ খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক এবং আইসিটি খাতে মোট ৫,১০০টি Expression of Interest (EOI) আবেদন গ্রহণ করে। উক্ত আবেদন হতে ESF কৃষি ও আইসিটি বিষয়ক প্রকল্প মূল্যায়ন কমিটি (PAC) ১,৭২১টি আবেদন শর্টলিস্টভুক্ত করে। ESF কৃষি ও আইসিটি বিষয়ক মঞ্জুরি বোর্ড কর্তৃক ১৪৩টি প্রকল্পের অনুকূলে (কৃষি ১৪১টি ও আইসিটি ০২টি) মোট ২৮১.১৭ কোটি টাকা মঞ্জুরি প্রদান করা হয়েছে।

**ইএসএফ হতে বিতরণ:**

২০২৩-২৪ অর্থবছরে ইএসএফ কর্তৃক ৮টি কৃষিভিত্তিক প্রকল্পে মোট বিতরণকৃত টাকার পরিমাণ ১৩.৫১ কোটি টাকা যা ২০২২-২৩ অর্থবছরে ছিল ৯.৭২ কোটি টাকা। ৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত ইএসএফ হতে ২০টি কৃষিভিত্তিক প্রকল্পে মোট বিতরণকৃত টাকার পরিমাণ ২৮.৪০ কোটি টাকা।

**ইক্যুইটি অ্যান্ড অ্যান্ট্রাপ্রানারশীপ ফান্ড (ইইএফ):**

১ জুন ২০০৯ তারিখে বালোদেশ ব্যাকে ও আইসিবির মধ্যে একটি সাব-এজেসি চুক্তি স্বাক্ষরের মাধ্যমে ইক্যুইটি অ্যান্ড অ্যান্ট্র্যাপ্র্যানারশীপ ফান্ড (ইইএফ) এর অপারেশনাল কাজের ব্যবস্থাপনা আইসিবির তত্ত্বাবধানে পরিচালিত হয়ে আসছে। পরবর্তীতে, ইইএফ এর পরিবর্তে সরকার কর্তৃক ২০১৮ সালে সহনীয় মাত্রার সরল সুদহার সংবলিত নতুন ঋণ মঞ্চেল অ্যান্ট্র্যাপ্র্যানারশীপ সাপোর্ট ফান্ড (ইএসএফ) প্রবর্তিত হওয়ায় ইইএফ হতে মঞ্জুরি প্রদান বন্ধ রয়েছে। তবে উক্ত সময়ের পূর্বে মঞ্জুরিকৃত প্রকল্পসমূহের অর্থ ধাপে ধাপে বিতরণ করা হচ্ছে।

**বিতরণ:**

আইসিবি ২০২৩-২৪ অর্থবছরে ইইএফ হতে কৃষি খাতে পূর্ববর্তী ১ টি প্রকল্পে সর্বমোট ০.২৮ কোটি টাকা বিতরণ করেছে। গত অর্থবছরে কৃষি খাতের ০৫ টি প্রকল্পে (নতুন প্রকল্প ০২টি) সর্বমোট ৪.২৩ কোটি টাকা বিতরণ করা হয়েছিল।

**আদায়:**

আইসিবি ২০২৩-২৪ অর্থবছরে ইইএফ হতে কৃষি ও আইসিটি খাতে নতুন ১০২ টি প্রকল্প এবং পূর্ববর্তী প্রকল্পসমূহসহ মোট ৩২৯ টি (কৃষি খাতভুক্ত ২৯০ টি এবং আইসিটি খাতভুক্ত ৩৯ টি) প্রকল্পে সর্বমোট ৪৪.৮৫ কোটি টাকা (কৃষি খাতে ৩৯.১৬ কোটি টাকা ও আইসিটি খাতে ৫.৬৯ কোটি টাকা) আদায় করেছে। গত অর্থবছরে ইইএফ হতে কৃষি ও আইসিটি খাতে নতুন ৭৪ টি প্রকল্প এবং পূর্ববর্তী প্রকল্পসমূহসহ মোট ২৫৯ টি (কৃষি খাতভুক্ত ২২৬ টি এবং আইসিটি খাতভুক্ত ৩৩ টি) প্রকল্পে সর্বমোট ৫৩.১৩ কোটি টাকা (কৃষি খাতে ৪৫.৫২ কোটি টাকা ও আইসিটি খাতে ৭.৬১ কোটি টাকা) আদায় করেছিল।

**আদায় ও পুর্নবাসন কার্যক্রম:**

২০২৩-২৪ অর্থবছরে আইসিবি অর্থায়িত বিভিন্ন প্রতিষ্ঠান হতে মেয়াদ উত্তীর্ণ বকেয়া আদায়ের ক্ষেত্রে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখা হয়। সিকিউরিটিজে বিনিয়োগের উপর প্রাপ্য অনাদায়ী লভ্যাংশ/সুদ এবং বিভিন্ন খাতে পাওনা ফি এবং কমিশন আদায়ের পাশাপাশি আলোচ্য অর্থবছরেও প্রকল্প ঋণ বিশেষত অবলোপণকৃত ঋণ আদায়ের উপর অধিকতর গুরুত্ব আরোপ করা হয়। ঋণ আদায় কার্যক্রম অধিকতর জোরদার করার জন্য কর্পোরেশনের উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত "ঋণ আদায় ও সমন্বয় কমিটি" প্রযোজ্য নীতিমালা অনুযায়ী ঋণ আদায়ের অগ্রগতি তদারকি করে। এছাড়াও, মেয়াদ উত্তীর্ণ বকেয়া আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তাগণ কোম্পানি/উদ্যোক্তাগণের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে এবং আদায় কার্যক্রম সফল করার জন্য নিরলস প্রচেষ্টা অব্যাহত রাখা হয়েছে।

**লভ্যাংশ, ডিবেঞ্চারের সুদ এবং অন্যান্য আদায়:**

আলোচ্য অর্থবছরে আইসিবির বিভিন্ন খাতে সর্বমোট ৯৫১.৭৮ কোটি টাকা আদায় হয়েছে যা গত অর্থবছরের ১,১৭৭.৫৩ কোটি টাকার তুলনায় ১৯.১৭ শতাংশ কম।

**প্রকল্প পুনর্বাসন:**

সরকারি নীতিমালার আলোকে নিষ্ক্রিয়/রুগ্ন প্রকল্প পুনর্বাসনে আইসিবি কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আলোচ্য অর্থবছরে ০.৪১ কোটি টাকা পরিশোধ করে একটি কোম্পানি ঋণ হিসাব নিষ্পত্তি করেছে। ২০২২-২৩ অর্থবছরে একটি কোম্পানি আইসিবির সমুদয় পাওনা হিসেবে ২৮২.৮৬ কোটি টাকা পরিশোধ করে ঋণ হিসাব নিষ্পত্তি করেছিল।

**আইনী ব্যবস্থা:**

আইসিবি ঋণ খেলাপিদের বিরুদ্ধে “অর্থঋণ আদালত আইন, ২০০৩” (২০১০ পর্যন্ত সংশোধিত) এবং “The Negotiable Instrument Act, 1881” এর আওতায় আইনগত ব্যবস্থা গ্রহণ করে থাকে। “অর্থঋণ আদালত আইন, ২০০৩” এর আওতায় দায়েরকৃত মামলাসমূহের মধ্য হতে ২০২৩-২৪ অর্থবছরে ০৪টি এবং ৩০ জুন ২০২৪ পর্যন্ত মোট ১৩২টি মামলা নিষ্পত্তি হয়েছে। এছাড়া, "The Negotiable Instrument Act, 1881" এর আওতায় দায়েরকৃত মামলাসমূহ হতে ২০২৩-২৪ অর্থবছরে ০৫টি এবং ৩০ জুন ২০২৪ পর্যন্ত মোট ১৬১টি মামলা নিষ্পত্তি হয়েছে।

**রিস্ক ম্যানেজমেন্ট এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ :**

একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান হিসেবে জাতীয় স্বার্থ, আইনগত বাধ্যবাধকতা ও স্টেকহোল্ডারদের চাহিদা সমন্বয় করে আইসিবি ব্যবসায়িক কৌশল নির্ধারণ করে। কর্পোরেশনের ঝুঁকি ব্যবস্থাপনার মূলে রয়েছে এর ব্যবসায়িক সততা নিশ্চিতকরণ। পরিচালনা বোর্ডের দূরদর্শিতা এবং বোর্ড রিস্ক ম্যানেজমেন্ট কমিটির ঝুঁকি সহিষ্ণুতা নির্ণয়ে সুপরামর্শের ভিত্তিতে কর্পোরেশনের ঝুঁকি ব্যবস্থাপনা কাঠামোর সূচনা

হয়। পরিচালনা বোর্ড কর্পোরেশনের ঝুঁকি সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে বোর্ডের ০৫ (পাঁচ) জন সদস্যের সমন্বয়ে গঠিত বোর্ড রিস্ক ম্যানেজমেন্ট কমিটির উপর নিম্নোক্ত কার্যভার অর্পণ করেছে :

- ঝুঁকি নির্ধারণ ও নিয়ন্ত্রণ কৌশল নিরূপণ;
- ঝুঁকি ব্যবস্থাপনা কাঠামো প্রস্তুতকরণ;
- সার্বিক ঝুঁকি ব্যবস্থাপনা নীতির বাস্তবায়ন তত্ত্বাবধান;
- ঝুঁকি ব্যবস্থাপনা নীতি পর্যালোচনা;
- তথ্যাদি সংরক্ষণ ও রিপোর্টিং পদ্ধতি উন্নয়ন।

কর্পোরেশনের ১১ (এগারো) জন উচ্চপদস্থ কর্মকর্তার সমন্বয়ে ব্যবস্থাপনা পর্যায়ে রিস্ক ম্যানেজমেন্ট কমিটি গঠিত, যার সভাপতির দায়িত্বে রয়েছেন উপ-ব্যবস্থাপনা পরিচালক এবং অন্যান্যের মধ্যে বাজেট এন্ড রিস্ক ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টের প্রধান কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। রিস্ক ম্যানেজমেন্ট কমিটির অত্যাবশ্যকীয় কার্যাবলিসমূহ নিম্নরূপ:

- রিস্ক প্রোফাইল চিহ্নিতকরণ, তদারকিকরণ এবং পরিমাপকরণ;
- ঝুঁকি ব্যবস্থাপনা, পরিপালন এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পরিচালন কার্যকারিতা সম্পর্কে কর্তৃপক্ষকে সুপারিশ প্রদান;
- কর্পোরেশনের প্রকৃত ঝুঁকিসমূহ নিরসনের লক্ষ্যে কৌশলগত পরিকল্পনাসমূহ পর্যালোচনাকরণ;
- ঝুঁকি সচেতনতা সংস্কৃতি গড়ে তোলা।

**ট্রাস্টি হিসাবে ভূমিকা:**

আইসিবি মিউচুয়াল ফান্ড, বন্ড এবং ডিবেঞ্চারসহ বিভিন্ন পোর্টফোলিও ট্রাস্টি হিসেবে দায়িত্ব পালন করে। জুন ২০২৪ পর্যন্ত, আইসিবি সফলভাবে মোট ৮,৫১১.৬০ কোটি টাকার তহবিল পরিচালনা করছে, পর্যালোচনাধীন বছরে, এই তহবিলের পরিমাণ ৪৫.০০ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে ।

**কাস্টোডিয়ান হিসাবে ভূমিকা:**

আইসিবি বিভিন্ন মিউচুয়াল ফান্ড, বন্ড, ডিবেঞ্চার এবং সিকিউরিটিজের কাস্টোডিয়ান হিসেবে দায়িত্ব পালন করে। ২০২৩-২৪ অর্থবছরে, আইসিবি সফলভাবে ৫,৩১৬.১৩ কোটি টাকার তহবিলের কাস্টোডিয়ানের দায়িত্ব পরিচালনা করেছে।

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবস্থাপনা**

কর্পোরেশনের সার্বিক কর্মকাণ্ডে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রয়োগ ও ব্যবহার প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। আইসিবির প্রায় সকল অপারেশনাল কর্মকাণ্ড বর্তমানে নিজস্ব আইটি জনবল দ্বারা উন্নয়নকৃত সফট্ওয়্যারের সহায়তায় পরিচালিত হচ্ছে। কর্পোরেশনের ব্যবসায়িক পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে বিভিন্ন সময়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবস্থাপনায় পরিবর্তন ও পরিবর্ধন আনয়ন করা হয়ে থাকে।

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো:**

বর্তমানে একজন মহাব্যবস্থাপকের অধীনে ৩টি ডিভিশন (হার্ডওয়্যার এন্ড কমিউনিকেশন ডিভিশন, সফটওয়্যার ডিভিশন এবং এমআইএসডি ডিভিশন) এর আওতাধীন ৪টি ডিপার্টমেন্ট ও একটি সেল-এর সমন্বয়ে কর্পোরেশনের আইসিটি অবকাঠামো গঠন করা হয়েছে। সংশ্লিষ্ট ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন জনবল নিয়োগ ও প্রয়োজন অনুযায়ী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে হালনাগাদ তথ্য প্রযুক্তির সাথে সামঞ্জস্যপূর্ণ জনবল গড়ে তোলা হয়েছে। বৈষম্যবিরোধী বাংলাদেশ গড়ে তুলতে এবং কর্পোরেশনের সেবা গ্রহণ এর ক্ষেত্রে সকলের জন্য সুযোগের সমতা নিশ্চিত করতে আইসিটি জনবল নিরলসভাবে বিভিন্ন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করে যাচ্ছে।

**হার্ডওয়্যার ও নেটওয়ার্ক ব্যবস্থাপনা:**

নিরাপদ কর্মপরিবেশ স্থাপনের জন্য পরিশীলিত ও মানসম্মত হার্ডওয়্যার সরঞ্জাম স্থাপন একটি গুরুত্বপূর্ণ বিষয়। কর্পোরেশনের বোর্ডরুমে ভার্চুয়াল মিটিং নিরবচ্ছিন্নভাবে আয়োজনের জন্য একটি অত্যাধুনিক ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন করা হয়েছে। কর্পোরেশনের ডাটা সেন্টারে অননুমোদিত প্রবেশ প্রতিরোধকল্পে একসেস কন্ট্রোল সিস্টেম স্থাপন করা হয়েছে। কর্পোরেশনের ব্যবহৃত কম্পিউটার ও ল্যাপটপসমূহ ম্যালিশাস থ্রেট ও সাইবার অ্যাটাক হতে নিরাপদ রাখার জন্য এন্ডপয়েন্ট সিকিউরিটি ব্যবহৃত হচ্ছে। কর্পোরেশনের ব্যবহৃত কম্পিউটার সামগ্রীসমূহ মেরামতের জন্য একটি সমৃদ্ধ সার্ভিসিং সেন্টার রয়েছে।

হার্ডওয়্যার এন্ড কমিউনিকেশন ডিভিশনের দক্ষ জনবলের মাধ্যমে কর্পোরেশনের সকল হার্ডওয়্যার ব্যবস্থাপনা এবং নেটওয়ার্ক ও সিকিউরিটি কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। এছাড়া, কর্পোরেশনের আইসিটি সাপোর্ট কার্যক্রম নিরবিচ্ছিন্ন রাখার জন্য আইসিটি জনবল সার্বক্ষণিকভাবে দায়িত্ব পালন করে থাকেন।

**সফট্ওয়্যার উন্নয়ন ও ব্যবস্থাপনা:**

আইসিবির বেশিরভাগ দাপ্তরিক কর্মকাণ্ড নিজস্ব সফট্ওয়্যারের মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। আইসিবির নিজস্ব আইটি জনবল দ্বারা নিয়মিতভাবে প্রয়োজনীয় নতুন নতুন সফ্টওয়্যার উন্নয়ন এবং ইতিপূর্বে উন্নয়নকৃত সফ্টওয়্যারসমূহকে হালনাগাদ করা হচ্ছে। এছাড়া, আইসিবির প্রধান কার্যালয় এবং শাখাসমূহে ব্যবহৃত কয়েকটি মডিউল সেন্ট্রাল ডাটাবেজ সিস্টেমের আওতায় আনয়নের মাধ্যমে সমন্বিত সিস্টেম উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং পর্যায়ক্রমে সকল মডিউল সেন্ট্রাল ডাটাবেজের আওতায় আনা হবে। আইসিবির বিদ্যমান সফটওয়্যারসমূহের আপগ্রেডেশন এবং সফটওয়্যারগুলোকে একটি সেন্ট্রালাইজড ওয়েবভিত্তিক প্লাটফর্মে নিয়ে আসার পরিকল্পনা নেওয়া হয়েছে। এক্ষেত্রে, প্রযুক্তিগত উন্নয়ন ও সেবার পরিধি বিস্তৃত করে গ্রাহকদের সন্তুষ্টি অর্জন করার লক্ষ্যে বিদ্যমান ডেস্কটপভিত্তিক সফটওয়্যারসমূহকে ওয়েবভিত্তিক করার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, নতুন করে যে সকল সফটওয়্যার তৈরী করা হচ্ছে সেগুলো ওয়েবভিত্তিক প্লাটফর্মে তৈরী করা হচ্ছে। ২০২৩-২৪ অর্থবছরের পরিকল্পনা অনুযায়ী বেশ কয়েকটি ওয়েবভিত্তিক সফটওয়্যার মডিউল উন্নয়ন করা হয়েছে।

**ব্যয় সংকোচন ও জ্বালানি সাশ্রয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি:**

কর্পোরেশনের ব্যয় সংকোচন ও জ্বালানি সাশ্রয়ের নিমিত্তে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিশেষ অবদান রয়েছে। যেমন: সভা, প্রশিক্ষণ, বার্ষিক সাধারণ সভা ইত্যাদি অনলাইন প্লাটফর্মে সম্পন্ন করা হচ্ছে এবং অনলাইন সফটওয়্যার, ডি-নথি ও ই-মেইল এর মাধ্যমে দাপ্তরিক কর্মকাণ্ড পরিচালনা করা হচ্ছে। আইসিবি সম্মানিত বিনিয়োগ হিসাবধারীগণকে, হিসাব সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য কাগজে ছাপানো রিপোর্ট সরবরাহের মাধ্যমে প্রদান করে আসছে। প্রদত্ত সেবাসমূহ আরও দ্রুততার সাথে গ্রাহকদের নিকট সহজলভ্য করার প্রয়াসে স্বয়ংক্রিয় এসএমএস/ ই-মেইল সার্ভিস চালু করা হয়েছে।

**অনলাইনে নিয়োগের আবেদন:**

কর্পোরেশনের জনবল নিয়োগ প্রক্রিয়া দ্রুততর ও সহজ করার লক্ষ্যে অনলাইনের মাধ্যমে আবেদনপত্র গ্রহণ করার ব্যবস্থা করা হয়েছে। আইসিবির নিজস্ব আইসিটি জনবল কর্তৃক সংশ্লিষ্ট সুবিধা সংবলিত একটি পূর্ণাঙ্গ সফটওয়্যার 'অনলাইন রিক্রুটমেন্ট সিস্টেম' তৈরি করা হয়েছে। ফলে সময়ে সময়ে বিভিন্ন পদে নিয়োগের জন্য আবেদনকারীগণ ওয়েবসাইটের মাধ্যমে তাদের আবেদন জমা এবং প্রবেশপত্র সংগ্রহ করতে পারে। বর্তমানে 'অনলাইন রিক্রুটমেন্ট সিস্টেম এ "ই-পেমেন্ট গেটওয়ে" সুবিধা অন্তর্ভুক্ত করা হয়েছে।

**অনলাইন ইনভেস্টরস সার্ভিস:**

বর্তমানে কর্পোরেশনের প্রধান কার্যালয়ে পরিচালিত বিনিয়োগ হিসাবধারীগণকে অনলাইন সেবা প্রদানের জন্য একটি ওয়েবভিত্তিক সফটওয়্যার তৈরি করা হয়েছে। এ সেবার আওতায় বিনিয়োগ হিসাবধারীগণ নির্দিষ্ট ইউজার আইডি ও পাসওয়ার্ড এর মাধ্যমে একটি নির্দিষ্ট ওয়েবপেইজে লগইন করে তাদের নিজস্ব আর্থিক বিবরণী, পত্রকোষ বিবরণী ও ক্রয়/বিক্রয় নিশ্চিতকরণ বিবরণী দেখতে ও ডাউনলোড করতে পারেন। ওয়েবপেইজ হতে বিনিয়োগকারীগণ ক্রয়/বিক্রয় আদেশ দিতে পারবেন এবং প্রয়োজনে নির্দিষ্ট সময়ের মধ্যে ক্রয়/বিক্রয়ের আদেশসমূহ সংশোধন ও বাতিল করতে পারবেন। বর্তমানে প্রধান কার্যালয়ের বিনিয়োগ হিসাবধারীগণ এ সুবিধা পাচ্ছেন এবং পর্যায়ক্রমে শাখাসমূহে পরিচালিত বিনিয়োগ হিসাবধারীগণও এ সুবিধা গ্রহণ করতে পারবেন। ইতোমধ্যে আইসিবির প্রধান কার্যালয়ের বিনিয়োগ হিসাবধারীগণের জন্য KIOSK সেবা চালু করা হয়েছে। এছাড়াও, আইসিবির ইউনিট লিয়েন সেবা গ্রহীতাদের জন্য মোবাইল অ্যাপস্ উন্নয়ন করা হয়েছে।

**ইন্টারনেট/ ই-মেইল/ ওয়েবসাইট:**

যুগের চাহিদার প্রেক্ষিতে প্রধান কার্যালয়ের বিভিন্ন ডিভিশন/ ডিপার্টমেন্ট ও শাখাসমূহকে ইন্টারনেট সুবিধা প্রদানের লক্ষ্যে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। ফলে কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীগণ প্রয়োজনীয় তথ্যাদি ইন্টারনেটের মাধ্যমে অনুসন্ধান ও ডাউনলোড করতে পারছেন। এছাড়া, কাগজবিহীন দাপ্তরিক কর্মকাণ্ড পরিচালনার প্রথম ধাপ হিসেবে অফিসের সকল অভ্যন্তরীণ চিঠিপত্র সকল ডিভিশন/ ডিপার্টমেন্ট ও শাখাসমূহে ই-মেইল এর মাধ্যমে পাঠানো হচ্ছে। ফলে কর্পোরেশনের কর্মকাণ্ডের গতিশীলতা বৃদ্ধি পাচ্ছে।

কর্পোরেশনের ওয়েবসাইট www.icb.gov.bd সবসময়ই হালনাগাদকৃত তথ্য সমৃদ্ধ। বর্তমানে জাতীয় তথ্য বাতায়নে আইসিবির ওয়েবসাইট যুক্ত আছে এবং নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। এর মাধ্যমে দেশে এবং বিদেশে অবস্থানরত আগ্রহী ব্যক্তিগণ আইসিবি সম্পর্কিত সকল তথ্য সংগ্রহ করতে পারেন।

**মোবাইল অ্যাপ উন্নয়নঃ**

উদ্ভাবনী ও জ্ঞানভিত্তিক অর্থনীতির বাংলাদেশ বিনির্মাণের প্রয়াসে গ্রাহক সেবার মান উন্নয়ন, সেবা সহজীকরণ এবং বিভিন্ন দাপ্তরিক সেবা হাতের মুঠোয় নিয়ে আসার লক্ষ্যে আইসিবি ও এর আওতাধীন ০৩টি সাবসিডিয়ারি কোম্পানির জন্য সমন্বিতভাবে MyICB অ্যাপ উন্নয়ন করা হয়েছে। ফলে গ্রাহকগণ আইসিবি ও আইসিবির ০৩টি সাবসিডিয়ারি কোম্পানির বিভিন্ন সেবা নিমিষেই গ্রহণ করতে পারছেন। এতে সময়, অর্থ আর শ্রম বাঁচছে। MyICB অ্যাপের মাধ্যমে আইসিবির গ্রাহকগণ তাঁদের ট্যাক্স সার্টিফিকেট, ইনভেস্টমেন্ট সার্টিফিকেট গ্রহণ ও সঠিকতা যাচাই করতে পারবেন। আইসিবি ইউনিটের বিপরীতে অগ্রিম (লিয়েন) গ্রহণকারী বিনিয়োগকারীগণ এতদসংক্রান্ত বিভিন্ন সেবা গ্রহণ করতে পারেন। ইনভেস্টরস্ স্কিমের হিসাবধারীগণ এবং ইউনিট লিয়েন ধারকগণ Digital payment gateway এর মাধ্যমে মোবাইল ব্যাংকিং, ডেবিট/ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাংকিং, ওয়ালেট ব্যাংকিং ইত্যাদি বিভিন্ন চ্যানেলে অনলাইনে অর্থ জমা করার পাশাপাশি আসল এবং সুদ অনলাইনের মাধ্যমে পরিশোধ করতে পারবেন। আইসিবির ০৩টি সাবসিডিয়ারি প্রতিষ্ঠানের বিনিয়োগকারীগণ MyICB অ্যাপের মাধ্যমে বিও/মার্জিন হিসাব, TIP হিসাব, SIP হিসাব খোলা এবং অনলাইনে অর্থ জমা করার পাশাপাশি বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডের ইউনিট ক্রয় ও বিক্রয়, ইনকাম ট্যাক্স সার্টিফিকেট, ইনভেস্টমেন্ট সার্টিফিকেট ও হিসাব বিবরণী প্রাপ্তি এবং হারানো বা নষ্ট হয়ে যাওয়া কাগুজে সার্টিফিকেট পুন:মুদ্রণ ও মার্জ/স্প্লিট সংক্রান্ত আবেদন করতে পারবেন। এছাড়াও, MyICB অ্যাপের মাধ্যমে আইসিবি এবং এর ০৩টি সাবসিডিয়ারি কোম্পানি সম্পর্কিত বিস্তারিত তথ্য, সিটিজেন চার্টারসমূহ, তথ্য অধিকার ব্যবস্থাপনা এবং গুরুত্বপূর্ণ লিংকসমূহ দেখতে পারবেন। আইসিবি ও আইসিবির ০৩টি সাবসিডিয়ারি কোম্পানির সকল সেবা একসাথে হাতের মুঠোয় পেতে MyICB অ্যাপটি গুগল প্লে-স্টোর হতে ডাউনলোড করা যাবে।

**ডিজিটাল পেমেন্ট গেটওয়েঃ**

"পেমেন্ট গেটওয়ে" হলো সফটওয়্যারভিত্তিক অনলাইন সেবা, যা দ্বারা ব্যবহারকারীরা অনলাইনে পেমেন্ট করতে পারবেন। আইসিবি ও আইসিবির ০৩টি সাবসিডিয়ারি কোম্পানির গ্রাহকগণ Ekpay payment gateway এর সহায়তায় সরাসরি ডেবিট/ক্রেডিট কার্ড, মাস্টার কার্ড, ভিসা কার্ড, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (বিকাশ, নগদ ইত্যাদি) সহ বিভিন্ন পেমেন্ট পদ্ধতির মাধ্যমে অনলাইনে ২৪/৭ অর্থ জমা, ঋণ পরিশোধ, বিভিন্ন ধরনের ফি পরিশোধ করতে পারছেন। দেশের বহুল ব্যবহৃত "বিকাশ" অ্যাপের মাধ্যমে আইসিবি ও আইসিবির ০৩টি সাবসিডিয়ারি কোম্পানির হিসাবধারীগণ পে-বিল অপশন থেকে অতিরিক্ত জমা, আইপিও/রাইট শেয়ারের অর্থ জমা, রিবেট সুবিধার ডাউন পেমেন্ট, ইউনিট লিয়েন সংক্রান্ত সকল ধরনের লেনদেন, বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড/ইউনিট ফান্ড ক্রয় সংক্রান্ত তহবিল জমা ইত্যাদি সহজেই সম্পন্ন করতে পারছেন। এছাড়াও "নগদ" এর পেমেন্ট গেটওয়ে ব্যবহারের বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। আইসিবির জনবল নিয়োগ সংক্রান্ত আবেদন ফি Sslcommerz এর পেমেন্ট গেটওয়ের মাধ্যমে গ্রহণ করা হয়ে থাকে। সাবসিডিয়ারি কোম্পানিসমূহে সোনালী ব্যাংকের অনলাইন পেমেন্ট গেটওয়ে সিস্টেমও ব্যবহার করা হয়। ডিজিটাল পেমেন্ট সিস্টেম কর্পোরেশনের আর্থিক সেবা কার্যক্রমকে ত্বরান্বিত করার পাশাপাশি দেশের অর্থনৈতিক ব্যবস্থাকে শক্তিশালী করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

**ডি-নথি কার্যক্রম:**

সরকার এবং এটুআই এর সহায়তায় ডি-নথি সিস্টেম বাস্তবায়নের লক্ষ্যে কর্পোরেশনের সকল কর্মচারীকে ডি-নথি সিস্টেম সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। বর্তমানে কর্পোরেশনের সকল ডিপার্টমেন্ট/ডিভিশন এবং শাখাসমূহ ডি-নথি সিস্টেম এর মাধ্যমে অধিকাংশ নথি উপস্থাপন ও নিষ্পন্ন করে থাকে। কর্পোরেশনের সাবসিডিয়ারি কোম্পানিসমূহেও ডি-নথি সিস্টেম বাস্তবায়িত হয়েছে।

**ডাটা সেন্টার:**

নিরবচ্ছিন্ন ও নিরাপদ গ্রাহকসেবা প্রদানের লক্ষ্যে প্রধান কার্যালয়ে ৪২০ বর্গফুটের একটি ডাটা সেন্টার কার্যরত রয়েছে। ডাটা সেন্টারে কর্পোরেশনের সার্ভার, নেটওয়ার্ক সুইচসহ অন্যান্য এক্সেসরিজ সংরক্ষিত আছে। বর্তমান বিশ্বের সাথে তাল মিলিয়ে আইসিবিকে যুগোপযোগী আইটি বান্ধব প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কর্পোরেশন এবং ০৩টি সাবসিডিয়ারি কোম্পানির সমন্বয়ে যৌথ উদ্যোগে বড় পরিসরে একটি আধুনিক ডাটা সেন্টার স্থাপনের বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**ডিজাস্টার রিকভারি সাইট সংক্রান্ত কোম্পানি গঠন:**

কর্পোরেশনের বিপুল সংখ্যক গ্রাহক সেবাসহ যাবতীয় কর্মকাণ্ড কম্পিউটার সিস্টেমের মাধ্যমে পরিচালিত হয় বিধায় সার্ভার সিস্টেম এবং এ সিস্টেমে ব্যবহৃত সফটওয়্যার ও ডাটা অত্যন্ত মূল্যবান ও গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হচ্ছে। ডাটা ও সফটওয়্যারের যথাযথ ব্যাক-আপ নিরাপদ স্থানে সংরক্ষণ করা হচ্ছে। কর্পোরেশনের মৌলিক গ্রাহক সেবা পুঁজিবাজার কেন্দ্রিক যা অত্যন্ত সংবেদনশীল। যে কোনো প্রতিকূল পরিস্থিতিতে গ্রাহকসেবা অব্যাহত রেখে অর্জিত সুনাম ও আস্থা ধরে রাখার বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে ডিজাস্টার রিকভারি সাইটের প্রয়োজন। বাংলাদেশ ব্যাংকের আইসিটি গাইডলাইন অনুসারে ডাটা সেন্টার ও ডিজাস্টার রিকভারি সাইট এর দূরত্ব কমপক্ষে ১০ কি.মি. হতে হবে। কিন্তু নিজস্ব জমিতে ভবন নির্মাণ করে এককভাবে রক্ষণাবেক্ষণ ব্যয় বহুল ও সময়সাপেক্ষ বিধায় অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে যৌথ ভাবে এরূপ ডিজাস্টার রিকভারি সাইট স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত পরিকল্পনার আওতায় সরকার, আইসিবি, রাষ্ট্রমালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান যৌথ উদ্যোগে যশোরে ডিজাস্টার রিকভারি সাইট স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে। সরকারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান প্রয়োজনে এই ডিজাস্টার রিকভারি সাইট ব্যবহার করতে পারবে। সর্বসম্মতিক্রমে যশোরে প্রস্তাবিত ডিআরএস এর নামকরণ করা হয়েছে "বাংলাদেশ ডাটা সেন্টার এন্ড ডিজাস্টার রিকভারি সাইট লিমিটেড"। ইতোমধ্যে বাংলাদেশ ডাটা সেন্টার এন্ড ডিজাস্টার রিকভারি সাইট লিমিটেড এর পরিচালনা বোর্ড গঠন করা হয়েছে এবং ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) নিয়োগ প্রদান করা হয়েছে।

## মানবসম্পদ রূপায়ণ

**আইসিবির মানবসম্পদ ভিশন:**

পুঁজিবাজারের অন্যতম শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান হিসেবে আইসিবি ব্যবসায়িক অভীষ্ট লক্ষ্যসমূহ অর্জনের জন্য অভ্যন্তরীণ মানবসম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা পদ্ধতির ওপর সবসময়ই আলোকপাত করে আসছে। আইসিবি বিশ্বাস করে যে, প্রতিষ্ঠানের সামগ্রিক সাংগঠনিক ভিশন, লক্ষ্য, মান এবং উদ্দেশ্য এর সাথে সংগতি রেখে মানব সম্পদের উন্নয়ন করা প্রয়োজন। এ লক্ষ্যে আইসিবি মুনাফা অর্জন ও বর্ধন, মার্কেট শেয়ার বৃদ্ধি এবং প্রতিষ্ঠানের ভাবমূর্তি উন্নতিকরণের পরিকল্পনার ভিত্তিতে মানবসম্পদের

সর্বাধিক দক্ষতা ও পেশাদারিত্ব বৃদ্ধিকল্পে এবং প্রাতিষ্ঠানিক কমপ্লায়েন্স কালচার, নৈতিকতা ও শুদ্ধাচার, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়া উন্নয়নের মাধ্যমে সাংগঠনিক কাঠামোতে বিভিন্ন পরিবর্তন এনেছে।

**বিদ্যমান মানবসম্পদের কিছু গুরুত্বপূর্ণ উপাদান বিশ্লেষণ**

আইসিবি মানবসম্পদ পরিকল্পনা পদ্ধতিকে সর্বদা কেন্দ্রবিন্দুতে রাখে যা বিদ্যমান মানবসম্পদের কিছু গুরুত্বপূর্ণ উপাদানের নিম্নের বিশ্লেষণে প্রতিফলিত হয়েছে। বর্তমানে কর্পোরেশনের অনুমোদিত পদের সংখ্যা ৮৩৩টি এবং ৩০ জুন ২০২৪ তারিখে কর্পোরেশনের মোট জনবলের সংখ্যা ৬৪৯ জন যা পূর্ববর্তী অর্থবছরের একই তারিখে ছিল ৬৩২ জন। ৬৪৯ জনের মধ্যে কর্মকর্তা (গ্রেড-১০ এবং তদূর্ধ্ব গ্রেডভুক্ত) ৪৬৪ জন এবং কর্মচারী (গ্রেড-১০ এর নিম্ন গ্রেডভুক্ত) ১৮৫ জন। মোট জনবলের মধ্যে ৯৬ জন মহিলা যা মোট জনবলের ১৪.৮ শতাংশ, তন্মধ্যে ৭৭ জন কর্মকর্তা পর্যায়ে কর্মরত।

**নিয়োগ পদ্ধতি:**

